

খুবি ও বিএসএমআরএমইউ

## শিক্ষা ও গবেষণা বিষয়ে সমঝোতা স্মারক সই

নিজস্ব বার্তা পরিবেশক

খুলনা বিশ্ববিদ্যালয় (খুবি) ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় (বিএসএমআরএমইউ) এর মধ্যে শিক্ষা ও গবেষণা বিষয়ে দ্বিপক্ষীয় সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। সমঝোতা স্মারকে খুবির পক্ষে ড্রেজারার খান আভিয়ার রহমান ও বিএসএমআরএমইউর পক্ষে রেজিস্ট্রার কমোডর এম আবিদুর রহমান (এনডি), এনডিসি,

পিএসসি স্বাক্ষর করেন। পরে উভয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য স্বাক্ষরিত সমঝোতা স্মারক হস্তান্তর করেন। গতকাল খুবির উপাচার্যের কার্যালয়ে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ সময় খুলনা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের ডিন প্রফেসর ড. মোহাম্মদ ইসমত কাদির, জীববিজ্ঞান স্কুলের ডিন প্রফেসর ড. মো. নাজমুল আহসান, ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুলের ডিন প্রফেসর শেখ মাহমুদুল হাসান, কলা ও মানবিক স্কুলের ডিন প্রফেসর ড. শেখ মো. রজিকুল ইসলাম ও সামাজিক বিজ্ঞান স্কুলের ডিন প্রফেসর ড. মো. আবদুল জব্বার এবং ফিশারিজ অ্যান্ড মেরিন রিসোর্স টেকনোলজি ডিসিপ্লিন প্রধান প্রফেসর ড. আইয়াজ হাসান চিশতী ও ব্যবসায় প্রশাসন ডিসিপ্লিন প্রধান প্রফেসর ড. মো. নূর-উন নবী এবং বঙ্গবন্ধু মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম উন্নয়ন শিক্ষক অতিরিক্ত পরিচালক কমান্ডার সাহেদুল ইসলাম, লেফটেন্যান্ট এম মুজিবুর রহমান, (এস), বিএনডিআর

উপস্থিত ছিলেন।

খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ ফায়েক উজ্জামান দেশের নতুনতম পাবলিক বিশ্ববিদ্যালয় হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের শুভ কামনা করে সমঝোতা স্মারকে উল্লিখিত বিষয়সহ শিক্ষা-গবেষণার যেকোন বিষয়ে খুলনা বিশ্ববিদ্যালয়ের সহায়তার আশ্বাস দেন। তিনি বলেন, এ সমঝোতা স্মারক স্বাক্ষরের ফলে শিক্ষা ও গবেষণার মাধ্যমে উপকূলীয় সম্পদ ব্যবস্থাপনা, আহরণ, উন্নয়ন ও সংরক্ষণে উভয় বিশ্ববিদ্যালয় গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রিয়ার এডমিরাল এএসএম আবদুল বাতেন বিএসপি, এনডিসি, পিএসসি খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে ধন্যবাদ জানিয়ে বলেন, আমাদের অভিযাত্রায় খুলনা বিশ্ববিদ্যালয়ের মতো একটি প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের সহায়তা ভবিষ্যৎ সাফল্য অর্জনে বিশেষভাবে সহায়ক হবে।